



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ওএম/৬০-সম/২০১১-১৬

তারিখ: ২৭ পৌষ ১৪২৭
১১ জানুয়ারি ২০২১

বিষয়: সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষক/শিক্ষিকাগণের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত আপনার অধীনস্থ সহকারী শিক্ষক/শিক্ষিকাগণের তথ্যাদি যাচাই শেষে pds.sib.gov.bd/admin ঠিকানায় লগইন করে “তথ্য সংশোধন” এ ক্লিক করতে হবে। Check অপশনে গিয়ে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম যোগদানের তারিখ সংশোধন করে update করতে হবে এবং শিক্ষাগত যোগ্যতার অপশনে গিয়ে B.Ed./Dip. In Ed./B.P.Ed./B.Ag.Ed.ডিগ্রি/ডিপ্লোমা পাসের তারিখ ও বিশ্ববিদ্যালয়ের নাম সংযোজন/সংশোধন করে Save করতে হবে। Go Back এ ক্লিক করে মূল পাতায় ফিরে আসতে হবে। Edit অপশনে গিয়ে নাম, মূলপদ ও বর্তমান পদবী ঠিক করে Update দিতে হবে। আপনার প্রতিষ্ঠানে কর্মরত আছেন কিন্তু তালিকায় নাম না দেখালে Add অপশনে গিয়ে PDS ID দিয়ে সার্চ করে তার বর্তমান পদবী, বেতন গ্রেড ও কর্মস্থল সহ প্রয়োজনীয় তথ্য সংশোধন করে Save করতে হবে। এছাড়া তালিকায় দৃশ্যমান কিন্তু আপনার প্রতিষ্ঠানে কর্মরত নন Delete অপশনে ক্লিক করে তাদের বাদ দিন। সম্পূর্ণ কাজটি শেষ হলে Print অপশনে ক্লিক করে সংশোধিত প্রিন্ট কপি সংগ্রহ করে প্রতিষ্ঠান প্রধানের নাম, পূর্ণ স্বাক্ষর ও সীল প্রদানপূর্বক উক্ত হার্ড কপি আগামী ১২.০১.২০২১ তারিখের মধ্যে ddshesecondary@gmail.com এবং addshesecondary1@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিনিয়র শিক্ষক পদে পদোন্নতির জন্য একটি নির্ভুল গ্রেডেশন তালিকা প্রণয়নের জন্য বিষয়টি অতীব জরুরী।

কোনো অসত্য বা ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট শিক্ষক এবং প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা
সরকারি মাধ্যমিক বিদ্যালয়, (সকল)।
(তাঁর বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাগণের নির্ভুল তথ্য যথাসময়ে
নিশ্চিত করতে হবে)

স্বাক্ষরিত/-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন- ৯৫৫৩৫৪২

স্মারক নম্বর: ওএম/৬০-সম/২০১১-১৬/১(৪)

তারিখ: ২৭ পৌষ ১৪২৭
১১ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১)
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ ও কুমিল্লা অঞ্চল (পত্রের মর্মার্থ অনুযায়ী কার্যক্রম নিশ্চিত করার জন্য উপরোধ করা হলো)
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৪. সংরক্ষণ নথি।


২১.০১.২০২০

মোহাম্মদ আজিজ উদ্দিন
উপপরিচালক (মাধ্যমিক)
ফোন- ৪১০৫০২৮৩